

বনিকবার্তা বৃহস্পতিবার, জুন ১৯, ২০২৫ ■ আষাঢ় ৫, ১৪৩২



এনএসইউ-এসএইচএসএস অ্যালামনাই কলোকুইয়াম সিরিজের দ্বিতীয় সেশন অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস কর্তৃক এসএইচএসএস অ্যালামনাই কলোকুইয়াম সিরিজের দ্বিতীয় সেশন অনুষ্ঠিত হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ইমত্রিতা হোসেন ইলমা, সৈয়দ শাহ নেওয়াজ মহসিন ও আনিকা আফরিন তাদের গবেষণাপত্র উপস্থাপন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. নুরুজ্জামান। সঞ্চালনায় ছিলেন ইংরেজি ও আধুনিক ভাষা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ শামসুজ্জামান। শুভেচ্ছা বক্তব্য দেন স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেসের ডিন ও আইন বিভাগের অধ্যাপক মো. রিজওয়ানুল ইসলাম। অনুষ্ঠানের শেষাংশে অধ্যাপক রিজওয়ানুল ইসলাম আলোচকদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন।